



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 1st Semester Examination, 2022-23



BNGACOR02T-BENGALI (CC2)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও।
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

একক -১

- ১। 'কণ্টক গাড়ি কমল সম পদতল/মঞ্জীর চীরহি ঝাঁপি' - কোন পর্যায়ে পদ ? পদকর্তা কে ? পদটি বিশ্লেষণ করে এই পর্যায়ে পদে কবির কৃতিত্ব বিচার করো। ১+১+৮

অথবা

- ঐশ্বর্য ও মাধুর্যভাবের সমন্বয়ে চৈতন্যপূর্ব ও চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব পদাবলী সাহিত্য কাব্যরসময় হয়ে উঠেছে - আলোচনা করো। ১০

একক -২

- ২। 'বাঙালির ঘরের কথাই বড় হ'য়ে দেখা দিয়েছে শাক্ত পদাবলীতে' - পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

অথবা

- 'কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।' - পদকর্তা ও পদপর্যায়ের নাম উল্লেখ করে পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮

একক -৩

- ৩। "ভাঁড়ু দত্ত বাংলা সাহিত্যে অনন্য সংযোজন।" - পঠিত কাব্যংশ অনুসরণে ভাঁড়ু দত্তের অনন্যতা ও এই চরিত্র-সৃষ্টিতে কবিকঙ্কনের কৃতিত্ব বিচার করো। ৫+৫

অথবা

- "আধুনিক কালে জন্মালে ঔপন্যাসিক হতেন মুকুন্দ চক্রবর্তী" - 'চণ্ডীমঙ্গল কাব্য (আখ্যেটিক খণ্ড)' অবলম্বনে আলোচ্য মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

একক -৪

- ৪। 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ডের দশম অধ্যায় 'বিষ্ণুপ্রিয়া পরিচয় বর্ণন' অংশটির পরিচয় দাও। প্রসঙ্গত, বিষ্ণুপ্রিয়া চরিত্র বর্ণনে বৃন্দাবন দাসের দক্ষতা বিচার করো। ৫+৫

অথবা

- 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ড অবলম্বনে 'গৌরঙ্গ অবতরণের হেতু' এবং তৎকালীন 'নবদ্বীপের অবস্থা'র পরিচয় দাও। ৫+৫

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫ × ২ = ১০
- (ক) অভিনব হেম কল্পতরু সঞ্চয়ক ১+১+৩
ভকত-ভ্রমরগণ ভোর।
- কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- (খ) 'আমায় দেও মা তবিলদারী' - কার লেখা? কোন পর্যায়ের পদ? উক্তিটির মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩
- (গ) "শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা।
কার সনে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা।।"
- বক্তা কে? কার উদ্দেশে এই উক্তি? 'রাতা' শব্দের অর্থ কি? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+১+২
- (ঘ) "ফলবন্ত বৃক্ষ আর গুণবন্ত জন।
নম্রতা সে তাহার স্বভাব অনুক্ষণ।।"
'চৈতন্যভাগবত'-এর কোন অধ্যায় থেকে নেওয়া হয়েছে? 'দিগ্বিজয়ী' কে? উদ্ধৃত অংশটির মর্মার্থ লেখো। ১+১+৩

—x—